

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
অডিট-২ অধিশাখা।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

স্মারক নং ৪৬.০৪৯.০০০২.০২.০০.০৯১.২০১১-০০৭

তারিখঃ ৩০ মার্চ ২০১৬ খ্রিঃ।

বিষয় : বেলকুচি পৌরসভা, সিরাজগঞ্জ কার্যালয়ের ২০১০-২০১৪ অর্থবছরের অডিট আপত্তির জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্র : বেলকুচি পৌরসভার স্মারক নং-৪৮৬, তারিখঃ ১৩ ডিসেম্বর ২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বেলকুচি পৌরসভা কার্যালয়ের ২০১০-২০১৪ অর্থ বছরের অডিট আপত্তির জবাব পর্যালোচনান্তে সন্তোষজনক বিবেচিত হয়নি। তদুপরি, জবাবে মন্ত্রণালয়ের ছক ও নির্দেশনা অনুসরণ করা হয়নি এবং মন্ত্রণালয়ের সুপারিশের কলাম রাখা হয়নি।

এমতাবস্থায়, আপত্তিকৃত সমুদয় অর্থ সংশ্লিষ্ট তহবিলে জমা করে ২(দুই) সেট নিষ্পত্তিমূলক জবাব নিম্নোক্ত "ছক" ও নির্দেশনা অনুসরণ করে আগামী ১০(দশ) কার্য দিবসের মধ্যে প্রমাণকসহ পুনরায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

অডিট আপত্তি দ্রুত ও কার্যকরভাবে নিষ্পত্তিকল্পে বিষয়টি অতি জরুরী হিসেবে বিবেচ্য।

সংযুক্ত : বর্ণনামতে।


অনুসরণীয় নির্দেশনা

- শুধুমাত্র অগ্রিম অনুচ্ছেদসমূহের জবাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- আপত্তিকৃত অর্থ যথাযথ খাতে জমাপূর্বক প্রমাণকসহ পৃথক, পৃথক ভাবে ২(দুই) সেট জবাব দাখিল করতে হবে;
- স্থানীয় অফিসের জবাবের মধ্যে চালান নং, তারিখ ও টাকার পরিমাণ উল্লেখ করতে হবে;
- চালানের মাধ্যমে টাকা জমার স্বপক্ষে নামাংকিত সীলসহ সিটিআর দাখিল করতে হবে;
- প্রতি পাতায় একটি করে জবাব এবং জবাবের সাথেই প্রমাণক সংযুক্ত করতে হবে;
- সকল প্রমাণক সত্যায়িত করে প্রেরণ করতে হবে;
- সকল স্বাক্ষরের নীচে নামাংকিত সিল ব্যবহার করতে হবে; এবং
- টাকার অংক উল্লেখপূর্বক আপত্তির শিরোনাম ও বিস্তারিত বিবরণে উল্লেখ করতে হবে।
- ৪নং কলাম সংস্থা/প্রতিষ্ঠান কর্তৃক পূরণযোগ্য নয়।

ছক

সংস্থার নাম :

| অডিট আপত্তির সন ও অনুঃ নং | অডিট আপত্তির শিরোনাম ও আপত্তির বিস্তারিত বিবরণ | স্থানীয় অফিসের জবাব | নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ/ মন্ত্রণালয়ের মন্তব্য |
|---------------------------|--|----------------------|---|
| ১                         | ২  | ৩                    | ৪   |

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন-৯৫৪০৩২৬

মেয়র,  
বেলকুচি পৌরসভা  
সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন/নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ২। মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ৩। যুগ্ম-সচিব (অডিট/নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হল)।
- ৬। অফিস কপি।